

QP Code: 22/PT/1/VI

স্নাতকোত্তর পাঠক্রম (P.G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) : জুন, ২০২২ / ডিসেম্বর, ২০২২

বাংলা (Bengali)

ষষ্ঠ পত্র (6th Paper : NATOK O NATYAMANCHA)

সময় : চার ঘন্টা

পূর্ণমান : ১০০

Time : 4 hours

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting.

The figures in the margin indicate full marks.

১. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) মঞ্চাভিনয় এবং নাট্যমঞ্চের ইতিহাসে স্টার থিয়েটারের গুরুত্ব আলোচনা করুন।
- খ) 'চাঁদ বণিকের পালা'-র চন্দ্রধর বণিক এক অপ্রতিরোধ্য অভিনয় — আলোচনা করুন।
- গ) 'কাব্যনাট্য' হিসেবে 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের যথার্থ আলোচনা করুন।
- ঘ) 'বিশেষ সময়ে আধারিত হয়েও 'গল্প হেঁকিমসাহেব' নাটকের বিষয় আসলে সমকালীন ও চিরকালীন" — আলোচনা করুন।
২. যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' কেন প্রহসনের অন্তর্ভুক্ত তা আলোচনা করুন।
- খ) 'মালিনী' নাটকের পরিণাম রবীন্দ্রদর্শনেরই বিশিষ্ট দিককে কীভাবে প্রকাশ করেছে, আলোচনা করুন।
- গ) 'সাজাহান' নাটকে সঙ্গীতপ্রয়োগের সার্থকতা আলোচনা করুন।

PG/TE-2133

[Turn over

ঘ) “কিছু লোভী মানুষের তৈরী করা আকাল এবং আকালের প্রতিক্রিয়ায় জড়ো হওয়া কিছু প্রতিবাদী মানুষ — এই নিয়েই ‘ছেঁড়াতার’ নাটকের কাহিনী ।” বিপরীতধর্মী দুই প্রতিনিধিস্থানীয় চরিত্র প্রসঙ্গে মন্তব্যটি ব্যাখ্যা করুন ।

ঙ) ‘অঙ্গার’ নাটকের নামকরণ বিষয়ে আলোচনা করুন ।

চ) তিনটি বিদেশী নাট্যমঞ্চের ইতিহাস ও গুরুত্ব উল্লেখ করুন ।

৩. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮

ক) মিনার্ভা থিয়েটার কোথায় অবস্থিত ছিল ? ইতিহাসের পাতা থেকে মঞ্চাভিনয়ের তথ্য উল্লেখ করে সংক্ষেপে এই থিয়েটারের গুরুত্ব বিচার করুন । ১ + ৬

খ) ‘মালিনী’ নাটকের উৎস উল্লেখ করে বুঝিয়ে দিন যে রবীন্দ্রনাথ কীভাবে তাঁর নাটকটি রচনা করলেন । ১ + ৬

গ) ‘সেই অভিজ্ঞতা লাভের জন্য জঘন্য বিদূষক সেজেছি’ — কে এই কথা বলেছেন ? কোন্ অভিজ্ঞতালভের জন্য কেন তিনি এমনটা করেছেন — তা ‘সাজাহান’ নাটক অবলম্বনে আলোচনা করুন । ১ + ২ + ৪

ঘ) ‘মোর যন্ত্র বাজি লয় না । আল্লা ! তার খালি ছিঁড়ি ছিঁড়ি গেল ।’ কে, কোন্ প্রসঙ্গে তার ছেঁড়ার কথা উল্লেখ করেছেন এবং কেন তা বিশদে লিখুন । ১ + ২ + ৪

ঙ) বুদ্ধদেব বসু নির্মিত ঋষ্যশৃঙ্গ চরিত্রটি পর্যালোচনা করুন ।

চ) মোহরবান্ধ সামান্য এক বারবণিতা নন, অসামান্য নারীহৃদয়েরও অধিকারিণী — ‘গল্প হেকিমসাহেব’ নাটক অবলম্বনে আলোচনা করুন ।

ছ) “ ‘অঙ্গার’ নাটকে বেদনার বৃত্তকে সম্পূর্ণ করেছে বিনু” — প্রান্তিকদৃশ্যের গুরুত্বসহ মন্তব্যটি আলোচনা করুন ।

জ) শম্ভু মিত্র ‘চাঁদ বণিকের পালা’-য় দুটি অপমৃত্যু দেখিয়েছেন । তা সত্ত্বেও তাঁর নির্মাণটি কেন জীবনঘনিষ্ঠ তা আলোচনা করুন ।

=====